



নির্বাচনে দেশকে তিন ঝুঁকিকল্পে ভাগ করে নিরাপত্তা তদারকি: ইসি সচিব আখতার



সংগৃহীত ছবি

আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে নিরাপত্তা ব্যবস্থাকে আরও শক্তিশালী করতে দেশজুড়ে ভোটকেন্দ্রগুলোকে রেড, ইয়েলো ও গ্রিন—এই তিনটি ক্যাটাগরিতে ভাগ করার সিদ্ধান্ত নিয়েছে নির্বাচন কমিশন। কমিশনের সিনিয়র সচিব আখতার আহমেদ জানান, ঝুঁকি বিবেচনায় তৈরি এ শ্রেণিবিন্যাসের মাধ্যমে নির্বাচনের দিন আইনশৃঙ্খলা পরিস্থিতি আরও কার্যকরভাবে পরিচালনা করা যাবে।

রোববার সকালে নির্বাচন কমিশন ভবনে কমনওয়েলথ প্রতিনিধি দলের সঙ্গে বৈঠক শেষে তিনি এ তথ্য জানান। আখতার আহমেদ বলেন, কমিশনের প্রস্তুতি ও পরিকল্পনা নিয়ে কমনওয়েলথ প্রতিনিধিরা আশাবাদ ব্যক্ত করেছেন। আগামী বছরের ফেব্রুয়ারিতে অনুষ্ঠিত হতে যাওয়া ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে ইতোমধ্যে সারাদেশে নির্বাচনী কার্যক্রম ও আলোচনায় গতি এসেছে।

কমনওয়েলথের ছয় সদস্যের প্রতিনিধি দল, মহাসচিব শার্লি বাচউয়িকে সঙ্গে নিয়ে, সকালে নির্বাচন কমিশনের সঙ্গে প্রাথমিক আলোচনা করে। পরে তারা প্রধান নির্বাচন কমিশনার এ এম এম নাছির উদ্দিনের সঙ্গে দীর্ঘ বৈঠকে অংশ নেন। আলোচনায় গণভোটসহ অন্যান্য অতিরিক্ত দায়িত্বকে বড় চ্যালেঞ্জ হিসেবে উল্লেখ করলেও সার্বিক প্রস্তুতিতে সন্তোষ প্রকাশ করে দলটি।

ইসি সূত্র জানায়, বিদেশি পর্যবেক্ষকদের উপস্থিতি নির্বাচনকে আরও গ্রহণযোগ্য করবে—এমন মত দিয়েছে কমনওয়েলথ। তবে পর্যবেক্ষক দল পাঠানো হবে কিনা, সে বিষয়ে তাদের সিদ্ধান্ত এখনো চূড়ান্ত হয়নি।